অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সুলিভান কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দর সংস্কার প্রকল্প শেষ হওয়ার কথা ঘোষণা করেছেন

নিউ ইয়র্কের ক্যাটস্কিল অঞ্চলের নতুন গেটওয়েতে থাকবে অত্যাধুনিক টার্মিনাল, এনার্জি এফিশিয়েন্ট ইউটিলিটি, রেস্টুরেন্ট, বার এবং পাবলিক মিটিংয়ের স্থান

ফটোগুলি এখানে পাওয়া যাবে

আমাকে ক্যাটস্কিলসে উড়িয়ে নিয়ে যাও! গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে ক্যাটস্কিল অঞ্চলে অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং পর্যটনের সূচনা করে, সুলিভান কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দর (Sullivan County International Airport)-কে একটি আধুনিক, অত্যাধুনিক ভ্রমণ কেন্দ্রে রূপান্তরিত করা সম্পন্ন হয়েছে। 2023 সালের মে মাসে শুরু হওয়া প্রজেক্টটি গভর্নরের 230 মিলিয়ন মার্কিন ডলারের আপস্টেট এয়ারপোর্ট ইকোনোমিক ডেভেলপমেন্ট অ্যান্ড রিভাইটালাইজেশন কম্পিটিশন, (Upstate Airport Economic Development and Revitalization Competition) থেকে 18.5 মিলিয়ন মার্কিন ডলার পায় এবং নিউ ইয়র্ক স্টেটের পরিবহন দপ্তর (Department of Transportation) এই তহবিল পরিচালনা করে। এই প্রকল্পটি 15,000 বর্গফুটের একটি আধুনিক, শক্তি-সাশ্রয়ী টার্মিনাল সুবিধা তৈরি করেছে যা দর্শনার্থী, স্থানীয় ব্যবসা এবং কমিউনিটির সদস্যদের জন্য একটি মনোরম, অভ্যর্থনামূলক অভিজ্ঞতা প্রদান করবে।

“আপনার প্রথম সাক্ষাতে আপনি নিজের সম্পর্কে একটি ইতিবাচক এবং স্থায়ী ধারণা পোষণ করার একটিমাত্র সুযোগ পান এবং আমরা নিশ্চিত করতে চাই যে আমাদের আপস্টেট বিমানবন্দরগুলি তাদের স্থানীয় কমিউনিটির জন্য সেটি করতে পেরেছে,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** "সুলিভান কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দরের আধুনিকীকরণ স্টেটের দ্রুততম বর্ধনশীল অঞ্চলগুলির মধ্যে একটিকে, একটি প্রথম-শ্রেণীর ভ্রমণ কেন্দ্রে পরিণত করে, যা একটি স্পষ্ট বার্তা পাঠায় যে ক্যাটস্কিলগুলি ব্যবসার জন্য উন্মুক্ত এবং দর্শনার্থীদের জন্য প্রস্তুত।"

2022 সালের সেপ্টেম্বর মাসে ঘোষণা করা গভর্নর Hochul (হোকল) এর আপস্টেট এয়ারপোর্ট ইকোনোমিক ডেভেলপমেন্ট অ্যান্ড রিভাইটালাইজেশন কম্পিটিশনের সর্বশেষ রাউন্ডের 230 মিলিয়ন মার্কিন ডলারের একটি অংশ পাওয়া নয়টি আপস্টেট এয়ারপোর্টের মধ্যে একটি ছিল সুলিভান কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দর। এই তহবিলটি শুধু নিউ ইয়র্কের আপস্টেট

এয়ারপোর্টগুলির উন্নয়ন করছে না, বরং এছাড়াও জাতীয় ও গ্লোবাল এভিয়েশন মঞ্চে প্রতিযোগিতা করার ব্যাপারে তাদের ক্ষমতাকে উন্নত করছে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation, NYSDOT) এর কমিশনার Marie Therese Dominguez (ম্যারি থেরেস ডোমিনগুয়েজ) বলেন, "গভর্নর Hochul (হোকল) বোঝেন যে আমাদের আপস্টেট বিমানবন্দরগুলি দর্শনার্থীদের স্বাগত জানানোর প্রবেশদ্বার, তবে এগুলি অর্থনৈতিক উদ্দীপকও যা নতুন ব্যবসায়িক সুযোগ এবং বর্ধিত পর্যটনের দ্বার উন্মোচন করে। সুলিভান কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দরে আমরা যে উন্নয়ন করেছি তা যাত্রীদের অভিজ্ঞতা উন্নত করবে, স্থানীয় বাসিন্দাদের জন্য একটি আধুনিক কমিউনিটি মিলনস্থল হিসেবে কাজ করবে এবং ক্যাটস্কিলসকে বসবাস, কাজ এবং ভ্রমণের জন্য একটি অসাধারণ জায়গা হিসেবে ইতিবাচক এবং স্থায়ী ধারণা তৈরি করবে।"

1969 সালে খোলা, নিউ ইয়র্ক সিটি থেকে 90 মাইল দূরে হোয়াইট লেকে (White Lake) অবস্থিত সুলিভান কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দর অনেক দিন ধরে ক্যাটস্কিল মাউন্টেন (Catskill Mountains) অঞ্চলের একটি অতি প্রয়োজনীয় সংযোজক হয়ে আছে। মন্টিসেলো থেকে প্রায় পাঁচ মাইল উত্তর-পশ্চিমে, পাহাড়ের চূড়ায় 600 একর জমিতে অবস্থিত, বিমানবন্দরটি জনপ্রিয় ব্যাগেল উৎসব, অসংখ্য ক্লাসিক গাড়ির শো এবং ক্যাটস্কিলের মনোমুগ্ধকর প্রাকৃতিক দৃশ্য সহ এলাকার অনেক জনপ্রিয় আকর্ষণ এবং ইভেন্টগুলিতে প্রবেশাধিকার প্রদান করে। এটি বেথেল উডস সেন্টার ফর দ্য আর্টসের কাছেও (Bethel Woods Center for the Arts) অবস্থিত — 1969 সালের উডস্টক মিউজিক ফেস্টিভ্যালের (Woodstock Music Festival) ঐতিহাসিক স্থান - যেখানে বিভিন্ন অনুষ্ঠান এবং শো অনুষ্ঠিত হয়। সাম্প্রতিক তথ্য অনুসারে, বিমানবন্দরটি আশেপাশের অঞ্চলে আনুমানিক 10.1 মিলিয়ন ডলার কার্যকলাপ জেনারেট করবে।

নতুন টার্মিনালটি বিংশ শতাব্দীর মাঝামাঝি একটি পুরনো ভবনের স্থলাভিষিক্ত হয়েছে, যেখানে একটি আধুনিক কাঠামো রয়েছে যেখানে সাশ্রয়ী মূল্যের ল্যামিনেটেড কাঠের বিম এবং মেঝে থেকে ছাদ পর্যন্ত জানালা সহ একটি প্রশস্ত অভ্যন্তরভাগ রয়েছে যা একটি প্রশস্ত-খোলা, সূর্যালোকযুক্ত অভ্যন্তরভাগ তৈরি করে, যা দর্শনার্থীদের ক্যাটস্কিল পর্বতমালা এবং বিমানবন্দর রানওয়ের মনোরম দৃশ্য দেখার সুযোগ করে দেয়। সেকেলে, অদক্ষ ফার্নেসকে একটি সম্পূর্ণ ইলেকট্রিক HVAC সিস্টেম দিয়ে বদলে দেওয়া হবে যা জিওথার্মাল ওয়েলের সাথে যুক্ত করা হাই এফিশিয়েন্সি হিট পাম্প ব্যবহার করবে। একটি নতুন রেস্টুরেন্ট ও বার এরিয়া, এবং একটি সাথে লাগানো ডেক যেখান থেকে রানওয়ে দেখা যাবে, লবি এবং আউটডোর প্যাটিও আজকের আধুনিক যাত্রীদের জন্য এবং জনগণের সদস্যদের জন্য অভিজ্ঞতা উন্নত করবে। পাইলটের লাউঞ্জটি যাত্রী এবং প্রাইভেট এয়ারক্র্যাফ্টের ব্যবহারকারীদের কাজে লাগবে। এছাড়াও এভিয়েশন সম্পর্কিত ব্যবসা, যেমন কার রেন্টালের জন্য অফিস স্পেস পাওয়া যাবে, এবং অনেক ধরণের ব্যবসা, অর্গানাইজেশন এবং জনগণের ব্যবহারের জন্য একটি নতুন কনফারেন্স রুমকে অ্যাক্সেসিবল করা হবে।

এই প্রকল্পের মোট আনুমানিক ব্যয় ছিল প্রায় 24 মিলিয়ন ডলার এবং এতে নিম্নলিখিত উন্নয়নগুলিও অন্তর্ভুক্ত ছিল:

- নতুন এবং উন্নত রেস্টরুম
- উন্নত টার্মিনাল ইন্স্যুলেশন, যার মধ্যে জানালা ও দরজা থাকবে, যাতে এনার্জি এফিশিয়েন্সি উন্নত করা যায়।
- নতুন আসবাব, ফিক্সচার ও সরঞ্জাম
- বিদ্যমান সেপটিক সিস্টেম বদলে দেওয়া/বড় করা
- আগুন নিভানোর পানির ট্যাংক এবং পাম্প বিতরণ ব্যবস্থাকে উন্নত করা
- সোলার প্যানেল এবং বৈদ্যুতিক যানবাহন চার্জিং স্টেশন স্থাপন
- রিপেভ এবং স্ট্রাইপ করা মূল পার্কিং লট

2022 সালের সেপ্টেম্বর মাসে, গভর্নর হোকল আপস্টেট নিউ ইয়র্কজুড়ে বিমানবন্দরসমূহের সংস্কার এবং আরো আধুনিকীকরণ করবে এমন পুনরুজ্জীবন প্রকল্পের জন্য নয়টি আপস্টেট বিমানবন্দরকে 230 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করেন। আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতাটি (Upstate Airport Economic Development and Revitalization Competition) পরিচালনা করে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট এবং এটি আপস্টেটের বাণিজ্যিক যাত্রী সেবার বিমানবন্দরসমূহ এবং বাণিজ্যিক আকাশযান এবং/অথবা কর্পোরেট জেটসমূহকে বিশেষ সেবা প্রদানকারী বিমানবন্দরসমূহের জন্য উন্মুক্ত রয়েছে। একবিংশ শতাব্দীর চাহিদা পূরণ করতে সাহায্য করার জন্য একটি একক প্রকল্প বা কয়েকটি প্রকল্পের কর্মসূচির তহবিলের জন্য আবেদন করে আবেদনকারীদের উৎসাহিত করা যাচ্ছে। প্রতিষ্ঠিত নির্ণায়কের ভিত্তিতে যোগ্য বিমানবন্দরের জমাকৃত প্রকল্পের পর্যালোচনার মূল্যায়ন করা হয়েছে, যার মধ্যে নকশায় উদ্ভাবন, যাত্রী সুযোগসুবিধা ও অভিজ্ঞতা, পরিচালনামূলক কর্মদক্ষতা এবং বিমানবন্দরের অঞ্চলের অর্থনৈতিক কার্যকারিতা রয়েছে কিন্তু তা এর মধ্যে সীমাবদ্ধ নয়। সুলিভান কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দরের পাশাপাশি অন্য যারা তহবিল পেয়েছে তাদের মধ্যে রয়েছে: অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর (Albany International Airport), ওয়াটারটাউন আন্তর্জাতিক বিমানবন্দর (Watertown International Airport), সারাটোগা কাউন্টি বিমানবন্দর (Saratoga County Airport), সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর (Syracuse Hancock International Airport), ওগডেন্সবার্গ আন্তর্জাতিক বিমানবন্দর (Ogdensburg International Airport), গ্রেটার বিংহ্যামটন বিমানবন্দর (Greater Binghamton Airport), ফ্রেডরিক ডগলাস গ্রেটার রচেস্টার আন্তর্জাতিক বিমানবন্দর (Frederick Douglass Greater Rochester International Airpor) এবং আডিরোন্ডাক আঞ্চলিক বিমানবন্দর (Adirondack Regional Airport)।

অ্যাসেম্বলিমেম্বার Paula Elaine Kay (পাউলা এলেন কে) বলেন, "এই বিনিয়োগের মাধ্যমে, সুলিভান কাউন্টি দ্রুত জনপ্রিয় বা সফল হয়ে উঠছে। নতুন বিমানবন্দর টার্মিনালটি আমাদের অঞ্চলে দর্শনার্থী, ব্যবসা এবং উদ্দীপনা নিয়ে আসবে। 100তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের উন্নয়নে অব্যাহত সমর্থনের জন্য আমি গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বের প্রশংসা করি।"

সুলিভান কাউন্টির ম্যানেজার Joshua A. Potosek (জোশুয়া এ. পোটোসেক) বলেন, “গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক উন্নয়ন এবং পুনরুজ্জীবন কর্মসূচিতে আমাদের অন্তর্ভুক্ত করা, একটি নতুন, শক্তি-সাশ্রয়ী টার্মিনাল নির্মাণের জন্য আমাদের 18.5 মিলিয়ন ডলার দেওয়াতে আমরা রোমাঞ্চিত। এবং NYS পরিবহন বিভাগ

এবং হোল্ট কনস্ট্রাকশনের (Holt Construction) মতো অংশীদারদের সাথে, আমরা এমন একটি সুন্দর, কার্যকরী টার্মিনাল প্রদান করেছি যার জন্য সমগ্র কাউন্টি এবং স্টেট গর্বিত হতে পারে।"

সুলিভান কাউন্টি আইনসভার সভাপতি Nadia Rajsz (নাদিয়া রাজস) বলেন, "সুলিভান কাউন্টি আন্তর্জাতিক বিমানবন্দর আপস্টেট কাউন্টিগুলিতে এই ধরনের সুযোগ-সুবিধার জন্য একটি নতুন মান স্থাপন করছে, গভর্নর Hochul (হোকল) এর দূরদৃষ্টি এবং নেতৃত্বের জন্য ধন্যবাদ। স্থাপত্যগত দিক থেকে এই অত্যাশ্চর্য টার্মিনালকে কেন্দ্রবিন্দুতে রেখে, আমরা দেখাতে চাই যে কীভাবে একটি 'ছোট' বিমানবন্দর কেবল বিমান চলাচলের ক্ষেত্রেই নয়, আমাদের কমিউনিটির উপরও বিশাল প্রভাব ফেলতে পারে। এটি বিমানবন্দরকে আর্থিকভাবে স্বয়ংসম্পূর্ণ এবং কর্পোরেট জেট জগতে সত্যিকারের সক্রিয়ভাবে এবং আগ্রাসীভাবে তার প্রতিদ্বন্দ্বীদের ছাড়িয়ে এগিয়ে চলার একটি প্রয়াস হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে একটি বড় পদক্ষেপ।"

পরিবহন দপ্তর সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের মিশন হলো একটি নিরাপদ, নির্ভরযোগ্য, সমতার, এবং দৃঢ় পরিবহন ব্যবস্থা দেওয়া যা কমিউনিটিগুলিকে সংযুক্ত করে, জীবনযাত্রার মাণ উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণের সমর্থন করে।

এটি জীবনের প্রশ্ন; গতি ধীর করুন এবং হাইওয়ের কর্মীদের জন্য জায়গা ছেড়ে দিন! আরো তথ্যের জন্য, আমাদের ফেসবুক (Facebook)-এ খুঁজুন এক্স (X) বা ইনস্টাগ্রাম (Instagram)-এ আমাদের অনুসরণ করুন অথবা আমাদের ওয়েবসাইট ভিজিট করুন। সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন